

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার

\*\*\*\*\*

স-৭৭০

আগরতলা, ১০ জুলাই, ২০২৪

সাংবাদিক সম্মেলনে রাজ্য নির্বাচন কমিশনার  
রাজ্যে ত্রিস্তরীয় পঞ্চায়েত নির্বাচন আগামী ৮ আগস্ট

রাজ্যে ত্রিস্তরীয় পঞ্চায়েত নির্বাচনের নির্ধন্ত আজ ঘোষণা করা হয়েছে। আগামী ৮ আগস্ট, ২০২৪ ত্রিস্তরীয় পঞ্চায়েত নির্বাচন অনুষ্ঠিত হবে। নির্বাচনের আনুষ্ঠানিক বিজ্ঞপ্তি আগামীকাল ১১ জুলাই, ২০২৪ জারি হবে। রাজ্য সচিবালয়ে এক সাংবাদিক সম্মেলনে রাজ্য নির্বাচন কমিশনার শরদিন্দু চৌধুরী একথা জানান। সাংবাদিক সম্মেলনে তিনি জানান, মনোনয়নপত্র জমা দেওয়ার শেষ দিন ১৮ জুলাই, ২০২৪। মনোনয়নপত্রগুলি পরীক্ষা নিরীক্ষা করা হবে ১৯ জুলাই, ২০২৪। মনোনয়নপত্র প্রত্যাহারের শেষ দিন ২২ জুলাই, ২০২৪। আগামী ৮ই আগস্ট সকাল ৭টা থেকে বিকাল ৪ টা পর্যন্ত ত্রিস্তর পঞ্চায়েত নির্বাচনের ভোটগ্রহণ পর্ব অনুষ্ঠিত হবে। ভোটগণনা হবে আগামী ১২ই আগস্ট ২০২৪। সকাল ৮টা থেকে ভোট গণনা শুরু হবে। আগামী ১৭ই আগস্ট, ২০২৪ এর মধ্যে সমস্ত নির্বাচনী প্রক্রিয়া সম্পন্ন করা হবে।

সাংবাদিক সম্মেলনে রাজ্য নির্বাচন কমিশনার জানান, সরকারি ছুটির দিন ছাড়া ১১ জুলাই ২০২৪ থেকে ১৮ জুলাই, ২০২৪ পর্যন্ত সকাল ১১ টা থেকে বিকেল ৩ টা পর্যন্ত রিটার্নিং অফিসারদের কাছে মনোনয়নপত্র জমা দেওয়া যাবে। ভোট নেওয়া হবে ব্যালট পেপারের মাধ্যমে। একজন ভোটার তিনটি ভোট প্রদান করবেন। এর জন্য তিনটি আলাদা রঙের ব্যালট পেপার থাকবে। গ্রাম পঞ্চায়েতের জন্য সাদা রঙের, পঞ্চায়েত সমিতির জন্য গোলাপী রঙের এবং জিলা পরিষদের জন্য সবুজ রঙের ব্যালট পেপার থাকবে। ৮ জেলার জেলা শাসক ও সমাহৃতাগণ জেলা নির্বাচন আধিকারিক (ডিইও)'র দায়িত্ব পালন করার পাশাপাশি জিলা পরিষদের আসনগুলির রিটার্নিং অফিসারের দায়িত্ব পালন করবেন। ৩৫টি ব্লকের বিডিওগণ গ্রাম পঞ্চায়েত এবং পঞ্চায়েত সমিতির আসনগুলির রিটার্নিং অফিসারের দায়িত্ব পালন করবেন।

সাংবাদিক সম্মেলনে রাজ্য নির্বাচন কমিশনার আরও জানান, রাজ্যে ৬০৬টি গ্রাম পঞ্চায়েতের ৩,৫১৭টি কেন্দ্রের ৬,৩৭০টি আসনের, ৩৫টি পঞ্চায়েত সমিতির ৪২৩টি কেন্দ্রের ৪২৩ টি আসনের এবং ৮টি জেলা পরিষদের ১১৬টি কেন্দ্রের ১১৬টি আসনের জন্য ভোট নেওয়া হবে। এবারের পঞ্চায়েত নির্বাচনে চূড়ান্ত ভোটার তালিকা অনুসারে ১২,৯৪,১৫৩ জন ভোটার ভোটাধিকার প্রয়োগ করতে পারবেন। এর মধ্যে পুরুষ ভোটার হচ্ছেন ৬,৫৮,৪৪৫, মহিলা ভোটার হচ্ছেন ৬,৩৫,৬৯৭ জন এবং অন্যান্য ১১ জন। সচিত্র পরিচয়পত্র দেখিয়ে ভোটাররা তাদের ভোটাধিকার প্রয়োগ করতে পারবেন। তবে কোনও ভোটারই যাতে ভোটাধিকার প্রয়োগ থেকে বাধ্যত না হন সেই লক্ষ্যে ভোটার তালিকায় নাম থাকা কোনও ব্যক্তি বিকল্প নথি দেখিয়েও ভোট দিতে পারবেন।

\*\*\*\*\*২য় পাতায়

(২)

সাংবাদিক সম্মেলনে রাজ্য নির্বাচন কমিশনার জানান, এবারের পঞ্চায়েত নির্বাচনে মোট ভোটগ্রহণ কেন্দ্র খোলা হচ্ছে ২,৬৫০টি। এর মধ্যে উত্তর ত্রিপুরায় ৩৪৭টি, উনকোটি জেলায় ২৩৪টি, ধলাই জেলায় ১৬৮টি, খোয়াই জেলায় ২৪২টি, পশ্চিম জেলায় ৪৫১টি, সিপাহীজলা জেলায় ৫৩৭টি, গোমতী জেলায় ২৭৯টি এবং দক্ষিণ ত্রিপুরা জেলায় ৩৯২টি ভোট গ্রহণ কেন্দ্র খোলা হচ্ছে। রাজ্য নির্বাচন কমিশনার জানান, পঞ্চায়েত নির্বাচনের নির্ধন্ত ঘোষণা হওয়ার সঙ্গে সঙ্গেই যেসব জায়গায় পঞ্চায়েত নির্বাচন হচ্ছে সেখানে আদর্শ আচরণবিধি কার্যকর হয়েছে। নির্বাচনী প্রক্রিয়াকে অবাধ, সুষ্ঠ ও শান্তিপূর্ণভাবে সম্পন্ন করার জন্য জেলা নির্বাচন আধিকারিক, রিটার্নিং অফিসারগণ সহ সমস্ত রাজনৈতিক দলগুলির সাথে বৈঠক করা হয়েছে। তিনি সমস্ত নির্বাচনী প্রক্রিয়া সুষ্ঠভাবে সম্পন্ন করার জন্য সংশ্লিষ্ট সকলের সহযোগিতা চেয়েছেন।

সাংবাদিক সম্মেলনে রাজ্য পুলিশের আইজি এল ডার্লৎ জানান, নির্বাচন অবাধ ও সুষ্ঠভাবে সম্পন্ন করার জন্য পর্যাপ্ত নিরাপত্তা ব্যবস্থা গ্রহণ করা হচ্ছে। সেন্ট্রাল আর্মড পুলিশ ফোর্স (সি এ পি এফ) সহ ত্রিপুরা পুলিশ ও টিএস আর বাহিনী মোতায়েনের ব্যবস্থা করা হবে। সাংবাদিক সম্মেলনে রাজ্য নির্বাচন কমিশনের সচিব অসিত কুমার দাস প্রমুখ উপস্থিত ছিলেন।

\*\*\*\*\*